



# বিআইডব্লিউটিএ

প্রবহমান নদীর সাথে

বিশেষ নৌ-সতর্কীকরণ বিজ্ঞপ্তি নং-০৭/২০১৬

তারিখঃ ২৪/০৭/২০১৬ ইং।

এতদ্বারা সকল নৌ-যানের মালিক/মাষ্টার/ড্রাইভারসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভৈরব-জকিগঞ্জ নৌ-পথের (বর্তমানে চলাচলরত) রাজাপুর-ঘোড়াদিঘা-ঢাকী-কাঠখাল নৌ-রুটের ফুলপুর শোলে নাব্যতা সংকট দেখা দেয়ায় নিরাপদ নৌ-চলাচলের স্বার্থে উক্ত নৌ-রুটের পরিবর্তে রাজাপুর-ইকরদিয়া-কদমচাল-কাঠখাল রুট ব্যবহারের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

বিআইডব্লিউটিএ কর্তৃক উক্ত নৌ-পথে প্রয়োজনীয় মার্কিং কাজ সম্পন্ন করা হয়েছে। বর্তমানে উক্ত নৌ-পথে সর্বোচ্চ ৬ ফুট ড্রাফট বিশিষ্ট নৌ-যানগুলোকে বিআইডব্লিউটিএ'র পাইলটসহ সাবধানতার সহিত চলাচল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

- \* নির্ধারিত ড্রাফট নিয়ে কর্তৃপক্ষের পাইলটসহ বিশেষ সতর্কতার সাথে নৌযান পরিচালনা করুন।
- \* পশ্চিমধ্যে স্থানীয় ঝড়ের আশংকা অথবা বৈরী আবহাওয়া থাকলে আবহাওয়া ভাল/অনুকূল না হওয়া পর্যন্ত নৌ-যান নিরাপদ স্থানে অবস্থানে রাখুন।
- \* আবহাওয়া সংকেত মেনে নৌ-যাত্রা করুন।

পরিচালক  
নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ  
বানৌপ-কর্তৃপক্ষ, ঢাকা।